# আল-আ'রাফ | Al-A'raf | ٱلْأَعْرَاف

আয়াতঃ ৭ : ১২১

## আরবি মূল আয়াত:

قَالُوا اٰمَنَّا بِرَبِّ الْعٰلَمِيْنَ ﴿۱۲۱﴾

## অনুবাদসমূহ:

তারা বলল, ‘আমরা সকল সৃষ্টির রবের প্রতি ঈমান আনলাম। — আল-বায়ান

তারা বলল, ‘আমরা বিশ্বজগতের প্রতিপালকের প্রতি ঈমান আনলাম। — তাইসিরুল

তারা বললঃ আমরা বিশ্বের রবের প্রতি ঈমান আনলাম। — মুজিবুর রহমান

They said, "We have believed in the Lord of the worlds, — Sahih International

### ১২১. তারা বলল, আমরা ঈমান আনলাম সৃষ্টিকুলের রবের প্রতি।

-

তাফসীরে জাকারিয়া

### (১২১) তারা বলল, ‘আমরা বিশ্ব প্রতিপালকের প্রতি বিশ্বাস স্থাপন করলাম। [1]

[1] যাদুকরেরা যাদু ও তার আসলত্বকে ভাল ভাবেই জানত। যখন তারা এ সকল দেখল, তখন তারা জানতে পারল যে, মূসা যা কিছু পেশ করেছেন তা যাদু নয়। তিনি সত্যিই আল্লাহর প্রেরিত দূত এবং তিনি আল্লাহর সাহায্যেই এই মু'জিযা আমাদের সামনে তুলে ধরেছেন; যা মুহূর্তের মধ্যে আমাদের যাদুকে শেষ করে ফেলল। সেই জন্য তারা মূসা (আঃ)-এর উপর ঈমান আনার কথা ঘোষণা করে দিল। এ থেকে এ কথা পরিষ্কার হল যে, অসত্য অসত্যই; তাকে যত শোভনীয়ই করা হোক না কেন। আর সত্য সত্যই; তাকে যতই গোপনে রাখা হোক না কেন। একদিন না একদিন সত্যের বিজয়-ডঙ্কা বেজেই ওঠে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=1075

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন